BENGALI

NYC Consumer and Worker Protection

*এই প্রকাশনাটিতে 6 জুলাই, 2020 পর্যন্ত তথ্য অন্তর্ভুক্ত রয়েছে।*

# NYC পুনরায় চালু করার পর্ব 3: কর্মীদেরেকে যা জানতে হবে

**ভিতরে বসে খাওয়া পর্ব 3 এর অংশ হবে না। স্টেট ও সিটি ভিতরে বসে খাওয়ার কোনো নতুন তারিখ নির্ধারণ করেনি। আরও আপডেট ও তথ্যের জন্য nyc.gov/workers দেখুন।**

পর্ব 3 এর অঙ্গ হিসেবে 6 জুলাই, 2020 সোমবার থেকে, নিউ ইয়র্ক সিটির ব্যক্তিগত পরিচর্যা সংক্রান্ত ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো খুলতে পারে। ব্যক্তিগত পরিচর্যা সংক্রান্ত ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো হল:

- প্রসাধনবিদ্যা
- মাসাজ থেরাপি
- নেইল স্পেশালিটি
- স্পা
- ট্যাটু ও পিয়ার্সিং কেন্দ্র
- আল্ট্রাভায়োলেট (Ultraviolet, UV) এবং নন-ইউভি ট্যানিং
- ওয়াক্সিং

যদি আপনি এইসব ব্যবসায়িক প্রতিষ্ঠানে কাজে যুক্ত থাকেন, তাহলে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই অনুসরণ করতে হবে এমন কিছু সাধারণ ও শিল্প-নির্দিষ্ট প্রয়োজনীয়তার জন্য এই প্রকাশনাটি পড়ুন। **forward.ny.gov**-এ বিস্তারিত নির্দেশিকা রয়েছে। কর্মী সুরক্ষা হটলাইনের জন্য **311** নম্বরে অথবা কর্মক্ষেত্র পুনরায় খোলা, স্বাস্থ্য ও সুরক্ষা নির্দেশিকা অথবা পুনরায় খোলার প্রয়োজনীয়তা অনুসরণ করছে না এমন কোনও নিয়োগকর্তার বিষয়ে রিপোর্ট করার জন্য **1-212-436-0381** নম্বরে আপনি কল করতে পারেন।

## যখন ব্যবসা পুনরায় চালু হবে তখন সমস্ত নিয়োগকর্তাকে যে সাধারণ প্রয়োজনীয়তা অবশ্যই অনুসরণ করতে হবে

| | |
|---|---|
| **যোগাযোগ এবং স্ক্রিনিং** | • **আপনার কর্মস্থলের এমন জায়গায় সুরক্ষা পরিকল্পনা লাগান যাতে আপনি সেটি দেখতে পান।**<br>• **আপনি নিজেকে এবং আপনার সহকর্মীদের সুরক্ষা এবং স্বাস্থ্যবিধির প্রোটোকলের প্রশিক্ষণ দিন।**<br>• **প্রত্যেক দিন কর্মীর স্বাস্থ্য পরীক্ষা করুন।**<br>আপনার নিয়োগকর্তাকে অবশ্যই অসুস্থ বা অসুস্থ হয়ে পরেছেন এমন কর্মীদের বাড়ি পাঠিয়ে দিতে হবে।<br>• **কর্মী এবং জনসাধারণের জন্য সুরক্ষা এবং স্বাস্থ্যবিধির প্রোটোকল সম্পর্কিত তথ্য থাকা সাইনপোস্ট লাগান।** |
| **সুরক্ষা সরঞ্জাম** | • **নিজের এবং সহকর্মীদেরেকে বিনামূল্যে মুখের আবরণ দিন এবং বদলিকরণ যোগ্য আবরণও প্রদান করুন।**<br>আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনাকে এবং আপনার সহকর্মীদের সুরক্ষা সরঞ্জাম কীভাবে ব্যবহার, পরিষ্কার এবং বাতিল করতে হবে তার প্রশিক্ষণ দিতে হবে।<br>আপনার নিয়োগকর্তাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মীরা গ্রাহকদের সঙ্গে কাজ করার সময় মুখের আবরণ পরবেন যখন অন্যদের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখা সম্ভব নয়। |
| **স্বাস্থ্যবিধি, পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা** | • হাত ধোয়ার জন্য সাবান, পানি/জল এবং কাগজের তোয়ালে সহ **কর্মীদের জন্য হাত পরিষ্কার করার স্থানের ব্যবস্থা করুন এবং তা বজায় রাখুন** এবং এর পাশপাশি যেখানে হাত ধোয়ার ব্যবস্থা করা সম্ভব নয় সেখানে 60% অথবা তার চেয়ে বেশি অ্যালকোহল সমৃদ্ধ অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা করুন।<br>• **প্রায়শই এবং কমপক্ষে প্রতিদিন সর্বসাধারণের জায়গা এবং যেখানে বেশি স্পর্শ হয় এমন পৃষ্ঠতল এবং বস্তুগুলি নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।**<br>উদাহরণগুলির মধ্যে রয়েছে আলমারি খোলার হাতল, চেয়ারের হাত রাখার জায়গা, দরজার হাতল, লিফট, হ্যান্ডরেল, আলোর সুইচ, লবি, ফ্রিজের দরজার হাতল, বিশ্রামকক্ষ।<br>আপনার নিয়োগকর্তাকে অবশ্যই গ্রাহকদের দ্বারা ব্যবহৃত স্থান ও পৃষ্ঠতল অবশ্যই পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে—উদাহরণস্বরূপ, চেয়ার, ট্যানিং বুথ প্রতিবার ব্যবহারের পর।<br>• **যন্ত্রপাতি এবং সরঞ্জাম ভাগ করে নেয়া সীমিত করুন এবং কাজের জায়গা ও প্রতিবার ব্যবহারের পরে যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলি নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন।**<br>উদাহরণস্বরূপ, কম্পিউটার, টেলিফোন, ক্যাশ রেজিস্টার, সাজগোজের সামগ্রী।<br>সরঞ্জামগুলির সম্ভাব্য ক্ষতির কারণে যদি ভাগ করা সীমাবদ্ধ করা বা সরঞ্জাম পরিষ্কার করা সম্ভব না হয় তাহলে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই কর্মীদের গ্লাভস পরতে নির্দেশ দিতে হবে। |

| | | |
|---|---|---|
| **শারীরিক দূরত্ব** | | <ul><li>**গ্রাহকদের বসার জায়গা সহ ব্যক্তিদের মধ্যে 6 ফুট দূরত্ব নিশ্চিত করতে সাইনপোস্ট দিন এবং টেপ লাগান অথবা অন্য কোনও মার্কার লাগান।**</li><li>**গ্রাহক এবং সাক্ষাৎকারীদের সর্বদা মুখ ঢেকে রাখতে হবে, তাদের বয়স 2 এর বেশি হলে চিকিৎসাগতভাবে মুখাবরণ সহ্য করতে পারবে।**</li><li>**অভ্যন্তরের জায়গার সর্বাধিক ক্ষমতা সীমিত করে তা 50% করুন।**<br>*ব্যক্তিগত পরিচর্যার জন্য, সর্বাধিক ধারণ ক্ষমতা হল কর্মী, গ্রাহক, সাক্ষাৎকারীরা।*<br>বাথরুম ও ব্রেকরুমের মতো ছোট জায়গাগুলির জন্য, ব্যবহার সীমিত করতে আপনার নিয়োগকর্তাকে সাইনপোস্ট লাগাতে হবে।</li><li>**যতটা সম্ভব মুখোমুখি সাক্ষাৎ সীমিত করুন।**</li><li>**যতটা সম্ভব ব্যক্তি যোগাযোগ সীমাবদ্ধ করার উদ্দেশ্যে ডেলিভারি এবং পিকআপের জন্য মনোনীত স্থান নির্ধারণ করুন।**</li><li>**ওয়েটিং রুম সহ সমস্ত অপ্রয়োজনীয় সাধারণ এলাকাগুলি বন্ধ করুন।**</li></ul> |

## ব্যক্তিগত পরিচর্যার জন্য প্রয়োজনীয়তা

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই যা করতে হবে:

- নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH), পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA) এবং রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention, CDC) সমস্ত স্বাস্থ্য ও নিরাপত্তা নির্দেশিকা অনুসরণ করা।
- কোনো বসে খাওয়া বা পানীয় সংক্রান্ত DOH নির্দেশিকার অনুসরণ করা।
- মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ সুরক্ষা সংস্থা (Environmental Protection Agency, EPA) দ্বারা COVID-19 এর বিরুদ্ধে পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে কার্যকরী বলে চিহ্নিত পণ্য ব্যবহার করা।
- সামাজিক দূরত্ব বজায় রাখা কঠিন এমন আবদ্ধ স্থানে প্রদত্ত সৌনা, স্টীম রুম ও অন্যান্য পরিষেবা বন্ধ করা।
- গ্রাহক মুখাবরণ পরে না থাকলে প্রবেশ করতে না দেয়া এবং গ্রাহককে ফেস মাস্ক খুলতে হবে এমন পরিষেবা যেমন ফেসিয়াল নিষিদ্ধ করা।
- গ্রাহকদের সঙ্গে কাজ করার সময় মুখাবরণের সঙ্গে ফেস শিল্ড বা সেফটি গগলস্ প্রদান করা।
- প্রতিটি গ্রাহকের পর ব্যবহৃত স্থান, সরঞ্জাম এবং উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করা। এগুলো হল চেয়ার, মাসাজ টেবিল, হেডরেস্ট, ট্যানিং বুথের পাশাপাশি পুনর্ব্যবহার যোগ্য ও নষ্ট না করা সরঞ্জাম। অ্যাপয়েন্টমেন্টগুলির মধ্যে পরিষ্কার ও জীবাণুমুক্ত করার পর্যাপ্ত সময় থাকতে হবে।
- প্লেক্সিগ্লাসের মতো অন্তরায় না থাকলে ডেস্ক ও ক্যাশ রেজিস্টারের কর্মীদের মধ্যে 6 ফুটের দূরত্ব আছে তা নিশ্চিত করা। *অন্তরায় থাকুক বা নাই থাকুক কর্মীদেরকে মুখ ঢাকা রাখা আবশ্যক।*

**মাসাজ থেরাপি ও স্পা নিয়োগকর্তাদের অবশ্যই যা করতে হবে:**

- মাসাজ টেবিলে মাথা নিচু করে গ্রাহকদেরকে মাসাজ করার সময় কর্মীদের মুখ ঢাকা থাকা *এবং* ফেস শিল্ড ও চোখের সুরক্ষা আছে তা নিশ্চিত করা।
- মাসাজ টেবিলে পরিষ্কার ও জীবাণুমুক্ত মুখাবরণ আছে তা নিশ্চিত করা, উদাহরণস্বরূপ, যখন গ্রাহকের মুখ নীচু করা তখন ফেস ক্রেডলে কটন পিলোকেস থাকতে হবে অথবা এই ভঙ্গিমা এড়িয়ে যান।
- মাসাজের সময় গ্রাহক উপুড় হওয়া থেকে চিত হয়ে থাকার গ্রাহকদের মুখবারণ থাকা নিশ্চিত করা।
- একজন থেকে অন্য গ্রাহককে পরিষেবা দেয়ার মধ্যে লিনেন পরিবর্তন ও ধোয়া এবং ব্যবহারের মধ্যে উপযুক্ত পাত্রে তা সংরক্ষণ করা।

**নেইল ও ওয়াক্সিং স্যালনের নিয়োগকর্তাদের অবশ্যই যা করতে হবে**:

- প্রতিটি গ্রাহককে পরিষেবা দেয়ার পর আইটেমগুলি পরিষ্কার ও জীবাণুমুক্ত করা। এগুলো হল ম্যানিকিউর এবং পেডিকিউর স্নান এবং পাত্র; হাত এবং পা শুকানোর ড্রাইং স্টেশন; মোমের পাত্র; তোয়ালে; আঙুল রাখার পাত্র; স্প্যাটুলা। *আপনি অ্যাপ্লিকেটর ডবল ডিপ করতে পারবেন না।*

**ট্যাটু ও পিয়ার্সিং নিয়োগকর্তাদের অবশ্যই যা করতে হবে**:

- প্রতিটি গ্রাহকের ক্ষেত্রে কর্মীরা যেন সীল প্যাক থেকে সূঁচ বের করে তা নিশ্চিত করা।
- পরিষ্কার এবং অব্যবহৃত স্টেনসিল বা রেজার ব্যবহার করা এবং ব্যবহারের সাথে সাথে এগুলো ফেলে দেয়া।
- গ্রাহকের সঙ্গে কাজ করার সময় কর্মীরা নিষ্পত্তিযোগ্য গ্লাভস পরে আছে তা নিশ্চিত করা।